পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ১৯৬তম সভার কার্যবিবরণী

বিগত ১১/০৬/২০০৮ তারিখে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির আহবায়ক ও পরিবেশ অধিদপ্তরের পরিচালক (কারিগরী-১) জনাব মোঃ শাহজাহান-এর সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলনকক্ষে পরিবেশগত ছাড়পত্র বিষয়ক কমিটির ১৯৬তম সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর শেষ পাতায় দ্রষ্টব্য।

সভার আলোচ্যসূচী অনুযায়ী কমিটির সদস্য-সচিব বিভিন্ন বিভাগীয় দপ্তর হতে প্রাপ্ত পরিবেশগত ছাড়পত্র বিষয়ক প্রস্তাবনা/ নথিসমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন। প্রত্যেকটি বিষয়ে কমিটির উপস্থিত সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনায় অংশগ্রহণ করেন। সভায় উপস্থাপিত বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নরূপ সুপারিশ ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহ ঃ পরিবেশগত ছাড়পত্র

১. **মেসার্স ইউনিক ফার্মাসিউটিক্যাল (ইউ), ১১৩/৭, শের ই বাংলা রোড়, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ আমলকি, বহেড়া, চিরতা, হরতকি থেকে ইউনানী/ হারবাল ঔষধ প্রস্তুত)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পূরণকৃত ইএমপি ফরমেট, বিভাগীয় দপ্তরের পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত প্রকল্পের প্রস্তাবিত অবস্থান এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ পর্যালোচনা করা হয় এবং ঔষধ প্রশাসন কর্তৃপক্ষ/**ইউনানী বোর্ড-এর** রেজিস্ট্রেশন দাখিল সাপেক্ষে এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে কারখানাটির অনুকূলে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ

ক) শুধুমাত্র ইউনানী ঔষধ প্রস্তুতের জন্য এ'ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি /ছাড়পত্রের প্রয়োজন হবে।

খ) EMP প্রতিবেদনে উল্লেখিত সকল Mitigation Measures সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে।

গ) কারখানার তরল বর্জ্য সরাসরি পরিবেশ নির্গমন করা যাবেনা। কারখানায় ব্যবহৃত পানি কখনই গরম অবস্থায় বাইরে নিক্ষেপ করা যাবেনা; নিউট্রালাইজেশন করে যথাসম্ভব সেটেলিং ট্যাংক এর মাধ্যমে সেটেল করার পর কুলিং ট্যাংকের মাধ্যমে ঠান্ডা করে অপসারণ বা পুনঃ ব্যবহার করতে হবে।

ঘ) কারখানায় সৃষ্ট বায়বীয় বর্জ্য চিমনীর মাধ্যমে নির্গমণ করতে হবে এবং ডমেস্টিক তরল বর্জ্য পরিশোধন ও অপসারণের ক্ষেত্রে সেপটিক ট্যাংক ও সোকপিট ব্যবহার করতে হবে।

ঙ) অগ্নি-দুর্ঘটনা নিয়ন্ত্রণকল্পে কারখানায় যথোপযুক্ত অগ্নি নির্বাপক ব্যবস্থা গড়ে তুলতে হবে।

চ) এ কারখানার শ্রমিক/ কর্মচারীদের সর্বদা নোজ মাস্ক পরিধান করতে হবে এবং হেলথ এন্ড হাইজনিক পদ্ধতি অনুসরণে জীবানুমুক্ত পরিবেশে উৎপাদন কার্যক্রম পরিচালনা করতে হবে।

ছ) কারখানা চত্বরের ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

জ) কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্যের নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা,১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে।

ঝ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ প্রদত্ত ক্ষমতাবলে উপরি-উল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

খ) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহ ঃ অবস্থানগত ছাড়পত্র

১. **চট্টগ্রাম পোর্ট ট্রেড ফ্যাসিলিটেশন প্রকল্প, চট্টগ্রাম বন্দর, বন্দরভবন, চট্টগ্রাম** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ Sludge oil, Dirty oil, Lube oil, Oily Waste Treatment)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক দাখিলকৃত সাইট লোকেশান ম্যাপ, পূরণকৃত ফ্যাক্টসীট, পরিদর্শন প্রতিবেদন এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়।

ক) অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

খ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কার্যপরিধির ভিত্তিতে ইআইএ প্রতিবেদন প্রণয়ন করতে হবে। উক্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত করতে হবে।

- পরিশোধনের ক্ষেত্রে বিবেচ্য তরল বর্জ্যের গুণগত মান (pH, Temp.DO, BOD, COD, TSS, TDS, SS, oil & Grease ইত্যাদি) এবং পরিমান;
- যন্ত্রপাতির বিবরণ ও স্পেসিফিকেশন উল্লেখপূর্বক উপযুক্ত স্কেলে ইটিপি'র ডিজাইন, ডাইমেনশন ও সেকশন এলিভেশনসহ বিশদ নকশা ও বাস্তবায়নের সময়সূচী;
- পরিশোধনের বিভিন্ন ধাপের রাসায়নিক বিক্রিয়া ও ক্যালকুলেশন;
- স্লাজের-এর পরিমান ও চূড়ান্ত ডিসপোজাল সিস্টেমের বিস্তারিত বিবরণ;
- তরল বর্জ্যের চূড়ান্ত অপসারণ স্থানের পানির গুণগত মান ও পানিতে বিদ্যমান জীববৈচিত্রের বিবরণ;

o ইটিপি অপারেশন ও রক্ষনাবেক্ষণ সম্পর্কে বিস্তারিত বিবরণ;

উক্ত ইআইএ প্রতিবেদন পরিবেশ অধিদপ্তরের অনুমোদনের নিমিত্তে পেশ করতে হবে।

গ) ইআইএ প্রতিবেদনে Oil Spill & fire hazard প্রতিরোধ ও নিয়ন্ত্রণের বিষয়সমূহ অন্তর্ভুক্ত করতে হবে। প্রতিবেদনে অন্যান্যের মধ্যে Sludge ব্যবস্থাপনার বিবরণী ও ড্রেনেজ প্লান অন্তর্ভুক্ত থাকতে হবে।

ঘ) ইআইএ প্রতিবেদনে নিজস্ব লোকবল ও ইকুইপমেন্ট-এর সমন্বয়ে ইন-হাউজ এনভায়রনমেন্টাল মনিটরিং সিস্টেম গড়ে তোলার বিষয়ে প্রয়োজনীয় কারিগরী ও আর্থিক প্রস্তাবনা অন্তর্ভুক্ত করতে হবে।

ঙ) ইআইএ অনুমোদিত না হলে আমদানীতব্য যন্ত্রপাতির অনুকুলে L/C খোলা যাবে না।

চ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ মাল্টিডিসিপ্লিনারী টীমের মাধ্যমে ইআইএ প্রণয়ন করতে হবে।

ছ) 'ক' -'চ'-এর সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন করতে হবে।

জ) পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে প্রকল্পের অপারেশনাল কার্যক্রম শুরু করা যাব না।

খ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহ ঃ পরিবেশগত ছাড়পত্র

১. **ঝিনুক ফার্মাসিউটিক্যালস(প্রাঃ) লিঃ, নগর বাথান বাজার, সদর ঝিনাইদহ** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ গরু, ছাগল, মহিষ মোটা তাজা করণের জন্য প্রিমিক্সার)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পূরণকৃত ইএমপি ফরমেট এবং বিভাগীয় দপ্তরের ১১তম সভার কার্যবিবরণী সভায় পর্যালোচনা করা হয় । পর্যালোচনান্তে আলোচ্য কারখানায় যে সকল প্রিমিক্স প্রস্তুত করা হবে তার প্রতিটির ওপর পশু সম্পদ অধিদপ্তরের মতামত দাখিলসাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এবিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে উদ্যোক্তাকে পত্র প্রদান করে সভার সিদ্ধান্ত অবহিত করতে হবে।

গ) বিবিধঃ

১. **সাউথ বেঙ্গল ইনস্যুলেশন, শান্তিনগর দারোগার ভিটা, বাটিয়াঘাটা, খুলনা** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ আমদানীকৃত এক্সপানডেবল পলিষ্টারিণ থেকে কর্কসীট/ ইনসুলেশন বোর্ড তৈরী)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পূরণকৃত ইএমপি ফরমেট, বিভাগীয় দপ্তরের পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত প্রকল্পের প্রস্তাবিত অবস্থান এবং বিভাগীয় দপ্তরের সুপারিশ পর্যালোচনা করা হয় এবং পরিবেশ অধিদপ্তর , সদর দপ্তর কর্তৃক প্রণীত **পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭-এর তফসিল-১ বর্হিভূত শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী বিভাগের নির্ণায়কের**-এর ভিত্তিতে আলোচ্য প্রকল্পের শ্রেণীকরণপূর্বক সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর হতে ছাড়পত্র প্রদানের বিষয়টি প্রক্রিয়া করণের সিদ্ধান্ত গৃহীত হয় ।

২. **আসিফ ট্রেডার্স, ধোয়াইল, মহম্মদপুর, মাগুরা** (শিল্প/প্রকল্প কার্যক্রমঃ টুকরো কাপড় থেকে কাপড়ের তুলা)ঃ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র ও পূরণকৃত ইএমপি ফরমেট; ১৯২ তম সভার আলোকে দাখিলকৃত ডাষ্ট-কালেক্টর স্থাপন সংক্রান্ত বিভাগীয় দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয় । পর্যালোচনায় দেখা যায় যে, কারখানায় উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট ডাষ্ট নিয়ন্ত্রণের জন্য ডাষ্ট-কালেক্টর স্থাপন সংক্রান্ত বিষয়টি সভায় বিবেচনা করা হয় এবং সংশ্লিষ্ট বিভাগীয় দপ্তর কর্তৃক উপযুক্ত শর্তসাপেক্ষে ছাড়পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়

(মাসুদ ইকবাল মোঃ শামীম) সদস্য-সচিব	(ড. মু. সোহরাব আলি) সদস্য	(মির্জা শওকত আলী) সদস্য
(ডঃ মোস্তফা কামাল ফারুক) সদস্য	(মাহমুদ হাসান খান) সদস্য	(মোঃ বিল্লাল হোসেন) সদস্য

(মোঃ শাহজাহান)
আহবায়ক